

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।  
সংস্থাপন শাখা  
Email:divcomsvlhet@mopa.gov.bd

নং-০০.২৬৬.০০৪.০০.০৪.০০৩.২০১০-৬২৪(৩)

২৬/০২/১৪১৮ বঃ  
তারিখ :-  
০৬/০৬/২০১১ খ্রিঃ

বিষয় : কেস এনোটেসন যাচাই সংক্রান্ত সভার কার্যবিবরণীতে গৃহিত সিদ্ধান্ত বাস্তবায়ন প্রসঙ্গে।

সূত্রঃ এ অফিসের স্মারক নং- ০০.২৬৬.০০৪.০০.০৪.০০৩.২০১০-৫২০(১০) তারিখ: ১৬/০৫/২০১১ খ্রিঃ।

উপরে উল্লেখিত বিষয় ও সূত্রমতে তাঁকে জানানো যাচ্ছে যে, বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেটগণের কেস রেকর্ড এ্যানোটেসনে বিভিন্ন ধরণের ভুল পরিলক্ষিত হয়। উহা রোধ কল্পে নিম্নবর্ণিত ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো:

(১) অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট(সভাপতি) একজন নির্বাহী ম্যাজিস্ট্রেট(সদস্য) ও জে এম শাখার ভারপ্রাপ্ত কর্মকর্তার (সদস্য সচিব) সমন্বয়ে জেলা পর্যায়ে এ সংক্রান্ত একটি কমিটি গঠন করতে হবে। বর্ণিত কমিটি যে সকল নির্বাহী ম্যাজিস্ট্রেট কেস এ্যানোটেসন করবেন তাদের নিয়ে একটি পূর্ব প্রশিক্ষণের ব্যবস্থা নিবেন।

(২) জেলা প্রশাসকের কার্যালয়ের জুডিশিয়াল মুসিখানা শাখার মাধ্যমে এ সংক্রান্ত কার্যক্রম পরিচালিত হবে।

(৩) জুডিশিয়াল মুসিখানা শাখা থেকে একটি চেকলিষ্ট প্রণয়ন করে চেকলিষ্ট অনুযায়ী এ্যানোটেটেড কেসগুলি পরীক্ষা নিরীক্ষা পূর্বক উক্ত কমিটিতে পেশ করতে হবে। চেকলিষ্ট ও কমিটির সভার কার্যবিবরণীর কপি সংযোজন করে বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট সুপারিশসহ তা গ্রহণের জন্য বিভাগীয় কমিশনারের কার্যালয়ে প্রেরণ করবেন।

(৪) কমিটি কেস এ্যানোটেসন গ্রহণের জন্য সুপারিশ প্রদানের আবেদন প্রাপ্তির ১৫(পনের) দিনের মধ্যে সভায় মিলিত হবেন।

(৫) বিভাগীয় কমিশনারের কার্যালয়ে কোন কেস এ্যানোটেসন অনুমোদনের জন্য সুপারিশ প্রাপ্তির পর (অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক), সিনিয়র সহকারী কমিশনার/সহকারী কমিশনার (রাজস্ব), সিনিয়র সহকারী কমিশনার/সহকারী কমিশনার (সাধারণ) ও কমিশনারের একান্ত সচিব এর (সদস্য সচিব) সমন্বয়ে গঠিত কমিটি অনধিক ১৫ (পনের) দিনের মধ্যে সভা করে সুপারিশমালাসহ বিভাগীয় কমিশনার বরাবরে নথি উপস্থাপন করবেন এবং উহাতে উক্ত কার্যবিবরণীর কপি ও জেলা থেকে প্রাপ্ত সমুদয় কাগজপত্র সংযুক্ত থাকবে।

(৬) ইতোপূর্বে যে সকল কর্মকর্তার কেস এ্যানোটেসন গ্রহণের প্রস্তাব প্রেরণ করা হয়েছে এবং ত্রুটি উল্লেখ পূর্বক বিভাগীয় কমিশনার অফিস থেকে ফেরৎ প্রদান করা হয়েছে তাদের ক্ষেত্রে উক্ত প্রক্রিয়ায় কেস প্রেরণ করার প্রয়োজন নেই।

(এন এম জিয়াউল আলম)  
কমিশনার  
সিলেট বিভাগ, সিলেট  
☎ ০৮২১-৮৪১০৮০

১-৪। বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট  
সিলেট/হবিগঞ্জ/মৌলভীবাজার/সুনামগঞ্জ।